

শুগান্ধ

প্রিন্ট: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৩৬ এএম

শিক্ষাঙ্গন

৭ দফা দাবিতে উত্তাল চবি



চবি প্রতিনিধি

প্রকাশ: ০৮ সেপ্টেম্বর ২০২৫, ০৫:০১ পিএম



ছবি: সংগৃহীত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শিক্ষার্থী ও স্থানীয়দের সংঘর্ষের ঘটনায় সুষ্ঠু বিচার, প্রক্টোরিয়াল বড়ির পদত্যাগ এবং শিক্ষার্থীদের নিরাপত্তাসহ ৭ দফা দাবিতে বিক্ষেপ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৪ আগস্ট) বেলা ১১টায় ‘অধিকার সচেতন শিক্ষার্থীবৃন্দ’ এর ব্যানারে বিক্ষেপ সমাবেশ ও অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা। তারা জিরো পয়েন্ট থেকে মিছিল শুরু করে কাটা পাহাড় রোড হয়ে প্রক্টর অফিসের সামনে অবস্থান নেয়।

এ সময় শিক্ষার্থীদের ‘এক দুই তিন চার প্রক্টর তুই গদি ছাড়’, ‘যে প্রক্টর আমাদের না, সে প্রক্টর মানি না’, ‘আমার ভাই আইসিইউতে, প্রশাসন নিয়োগ বোর্ডে’ ইত্যাদি স্লোগান দিতে থাকে।

সমাবেশে সাত দফা দাবি তুলে ধরেন শিক্ষার্থীরা। দাবি বাস্তবায়ন না হলে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানান তারা।

আন্দোলনকারীদের ৭ দফা দাবি হলো— আহত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ ও চিকিৎসার ব্যবস্থা, নিরাপত্তাহীন শিক্ষার্থীদের ভ্রাম্যমাণ আবাসন ও মালামাল উদ্ধারের উদ্যোগ, চিহ্নিত শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণ, সুষ্ঠু তদন্তে অপরাধীদের বিচার ও নিরপরাধ এলাকাবাসীর হয়রানি বন্ধ।

এছাড়া অন্তর্ভুক্তিমূলক সমন্বয় কমিটি গঠন ও নিয়মিত বৈঠক, সিভিকেটের সিদ্ধান্ত ও নিরাপদ ক্যাম্পাস রোডম্যাপ প্রকাশ ও এর বাস্তবায়ন এবং প্রক্টরিয়াল বড়ির প্রকাশ্যে ক্ষমা চেয়ে পদত্যাগ।

আন্দোলনকারীরা বলেন- সাম্প্রতিক ন্যাকারজনক ঘটনায় প্রশাসন দায়িত্ব এড়িয়ে গিয়ে ঘটনাকে ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করছে। তারা দোষীদের দ্রুত শাস্তি নিশ্চিত করা, আহতদের পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ এবং প্রশাসনের ব্যর্থতা স্বীকারের দাবি জানান। এছাড়া ২ নম্বর গেটের বাসা ছেড়ে আসা শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা, আহতদের যথাযথ চিকিৎসা সেবা দেওয়া এবং আশ্রয়হীন শিক্ষার্থীদের জন্য বিকল্প থাকার ব্যবস্থা করার আহ্বান জানান।